

কলাস্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা বিভাগ

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি মেজর ৪.২

বিষয় : মৌখিক পরম্পরা

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৪×৭.৫ = ৩০

১। রূপকথার সংজ্ঞা ও বৈশিষ্ট্য নির্ণয় করে ‘সুখু-দুখু’ গল্পে কীভাবে সেই বৈশিষ্ট্য ও সংজ্ঞার স্বরূপ অনুসৃত হয়েছে আলোচনা করো।

অথবা

২। ‘ডালিমকুমার’ গল্পটি যে রূপকথাধর্মী, তা কীভাবে স্পষ্টতা পায়? গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

৩। লোককথা সংগ্রহ ও সংরক্ষণের প্রয়োজন একটি বিশেষ সময়ের চাহিদা অনুযায়ী সম্ভব হয়েছে। সেই চাহিদা ও সংরক্ষণ বিষয়ে আলোচনা করো।

অথবা

৪। ‘গোবিন্দের জন্মকথা’ গল্পে লোককথার বৈশিষ্ট্য কীভাবে স্পষ্ট হয়েছে আলোচনা করো।

৫। লালন এবং দুদু শা-র পদে সম্প্রদায়ের গণ্ডি বারবার ভেঙে ফেলার কথা উঠে এসেছে। তোমার পড়া কয়েকটি পদ উল্লেখ করে দেখাও সম্প্রদায়ভেদ টপকে মানব পরিচয়ই কীভাবে মুখ্য হয়ে উঠেছে।

অথবা

৬। মৈমনসিংহ গীতিকায় একদিকে যেমন সমাজের নিষ্ঠুরতার ছবি পাওয়া যায়, তেমনি ভালোবাসার অসীম শক্তি ও সম্ভাবনার কথাও রয়েছে যথেষ্ট। তোমার পঠিত পালাটির কথা মনে রেখে অত্যাচার ও প্রেমের উপস্থাপনা কীভাবে ঘটেছে আলোচনা করো।

৭। সমাজজীবনে বাউল সাধনার চারটি স্তর (দেশ)-এর পরিচয় দাও।

অথবা

৮। সৃষ্টি এবং দেহতত্ত্ব লালনের গানে সৎকেতের আধারে স্থিত। তবে অধিকাংশ গানের দর্শনে মানবতার কথা প্রধান। ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

★ ★ ★